

কম্পিউটার জেনারেল ডিফেন্স
ফাউন্ডেশন কার্যালয়ে আলোচনা
নারী শিক্ষার হার ও
কর্মসংস্থান পূর্বের

তুলনায় অনেক বেড়েছে

শ্রীমতী বিজলি ১৫শে মার্চ বিকালে
কম্পিউটার জেনারেল ডিফেন্স ফাউন্ডেশন
কার্যালয়ের সম্মেলন কক্ষে আন্তর্জাতিক
নারী দিবস উপলক্ষে আলোচনা সভায়
আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব
করেন কম্পিউটার জেনারেল ডিফেন্স
ফাউন্ডেশন মেম্বার মোতাহার হোসাইন।
সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
ড. মোক্কা বাতুন, জেতার স্পেশালিস্ট,
SCOPE Project। উপস্থিত
কর্মকর্তাগণসহ জয়েন্ট কম্পিউটার
জেনারেল ডিফেন্স ফাউন্ডেশন মেম্বার
ওয়াদুদ হোসেন এবং এ কার্যালয়ের
সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ
আলোচনায় অংশ নেন। সভায় নারীর
অধিকার, নারী নির্বাচন, নারীর
কর্মসংস্থান ও অনুকূল কর্মপরিবেশ সৃষ্টি
ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।
বক্তাগণ উল্লেখ করেন, পূর্বের তুলনায়
বর্তমান নারী শিক্ষার হার ও কর্মসংস্থান
অনেক বৃদ্ধি পেয়েছে এবং সরকারি-
বেসরকারি মানা কাজে, এমনকি মন্ত্র ও
পুলিশ বাহিনীতেও নারীদের অংশগ্রহণ
লক্ষ্য করা যায়।